দৈনিক ইত্তেফাক

তারিখ 14 ... 1998
পৃষ্ঠা ... কলাম ...

02

# স্বরাষ্ট্রমন্ত্রীর নিকট ছাত্রদলের স্মারকলিপি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার।। বিভিন্ন মেডিকেল কলেজে ‘ছাত্রলীগের সন্ত্রাস’ এবং ঢাকা মেডিকেল কলেজ বন্ধ ঘোষণা ও ছাত্র রাজনীতি নিষিদ্ধের প্রতিবাদে ছাত্রদল গতকাল (২য় পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## স্মারকলিপি পেশ

(১ম পৃঃ পর)

(শনিবার) জাতীয় প্রেসক্লাবের সম্মুখে সমাবেশ শেষে স্বরাষ্ট্রমন্ত্রণালয়ে স্মারকলিপি প্রদান করে।

গতকাল দুপুরে প্রেসক্লাবের সম্মুখে অনুষ্ঠিত সমাবেশে দলের সভাপতি ফজলুল হক মিলন বলেন, ক্ষমতাসীন হইয়া নব্য স্বৈরাচার আওয়ামী লীগ ষড়যন্ত্রের ধারাবাহিকতায় দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হামলা চালাইয়া ছাত্র রাজনীতি বন্ধের পাঁয়তারা চালাইতেছে। ছাত্রদল উহা আর বরদাস্ত করিবে না। মিলন অবিলম্বে ঢাকা মেডিকেল কলেজ খুলিয়া দিয়া ঢামেকসু বহাল রাখার মাধ্যমে ছাত্র সংসদ নির্বাচনের তারিখ ঘোষণার দাবী জানান। সমাবেশে ছাত্র নেতৃবৃন্দ বলেন, দেশের সকল মেডিকেল কলেজে ছাত্ররা ছাত্রলীগকে প্রত্যাখ্যান করিয়া ছাত্রদলকে ছাত্র সংসদ নির্বাচনে বিজয়ী করিয়াছে। আসন্ন ঢামেকসু নির্বাচনেও ছাত্রলীগ জয়ী হইতে পারিবে না। এই আশংকায় নির্বাচন বানচালের জন্য মেডিকেল কলেজ বন্ধ ও ছাত্র রাজনীতি নিষিদ্ধ ঘোষণা করা হইয়াছে।

সমাবেশে আরও বক্তব্য রাখেন দলের যুগ্ম সম্পাদক শহীদউদ্দিন চৌধুরী এ্যানি, ছাত্রনেতা নাসিরউদ্দিন পিন্টু, মোশাররফ হোসেন ও সাইফুল আলম নিরব। সমাবেশ শেষে ফজলুল হক মিলন ও শহীদউদ্দিন চৌধুরী এ্যানির নেতৃত্বে একটি ছাত্র প্রতিনিধিদল সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর নিকট স্মারকলিপি প্রদান করেন।